

বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম)তলা
৭-৯, কাওরান বাজার
ঢাকা-১২১৫

নং- ২৪.০৫.০০০০.৫২২.৩৫.০২৪(অংশ-১).১৮-৪২৯

তারিখঃ ১৪-১১-২০১৮খ্রিঃ

বিষয় : ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এ বাতীবো প্যাভিলিয়নে অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পশ্চিম পাশের খালি জায়গায় আগামী ০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ সময়কালে ২৪তম “ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯” এ বাংলাদেশ তাঁত বোর্ড একটি প্যাভিলিয়ন বরাদ্দ নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্যাভিলিয়নে প্রকৃত তাঁতি/তাঁতি সমিতি/তাঁতবস্ত্র রপ্তানিকারক/বহুমুখী বস্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অনুপ্রাণিত ও উৎসাহিত করার জন্য তাঁদের পণ্য উক্ত প্যাভিলিয়নে প্রদর্শন ও বিক্রয়ের জন্য কিছু সংখ্যক স্টল বরাদ্দ দেয়ার ব্যবস্থা নেয়া হচ্ছে। এ মেলায় তাঁতবস্ত্র প্রদর্শন ও বিক্রয়ে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে ও নির্ধারিত তারিখের মধ্যে চেয়ারম্যান, বাতীবো বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েব সাইটে(www.bhb.gov.bd)পাওয়া যাবে। আবেদনে বিস্তারিত উল্লেখ থাকবে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানকে বাংলাদেশ তাঁত বোর্ডের প্যাভিলিয়নে স্টল বরাদ্দ নিয়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

রতন চন্দ্র সাহা

উপ-মহাব্যবস্থাপক(মার্কেটিং)

ফোন: ০২-৮১৮৯৩৪৪

e-mail :dgm.scr@bhb.gov.bd

বিতরণঃ

তাঁত বস্ত্র রপ্তানিকারক মেসার্স -----,

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১। সদস্য (এসএন্ডএম/অর্থ/পবা/ওএন্ডএম), বাতীবো, ঢাকা।

২। সহকারী প্রধান (এমই) ও আইসিটি ফোকাল পয়েন্ট, বাতীবো ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।

৩। সমন্বয় কর্মকর্তা, বাতীবো, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।

রতন চন্দ্র সাহা

উপ-মহাব্যবস্থাপক(মার্কেটিং)